

ইন্টারন্যাশনাল সীফ্যারাস ড্রপ-ইন সেন্টার সীম্যাস হোস্টেল, দক্ষিণ হালিশহর, চট্টগ্রাম।

বিশ্বায়নের যুগে উন্নয়নের চালিকা শক্তি হিসাবে কাজ করছে নৌ-পরিবহন। পৃথিবীর প্রায় ৯৫% পণ্য সামগ্রীই পরিচালিত হয় নৌ-পরিবহনের মাধ্যমে। সীফ্যারাস ব্যতিরেকে নৌ-পরিবহন অসম্ভব। বিশ্বের বাণিজ্যিক নৌ-বহরে ১.৫ মিলিয়ন এর ও অধিক সীফ্যারাস কাজ করছে। সীফ্যারাসদের কল্যাণের জন্য আন্তর্জাতিক শ্রম সংস্থা (আই.এল.ও) মেরিটাইম লেবার কনভেনশন-২০০৬ পরিগ্রহণ করেছে যা বাংলাদেশ সরকার কর্তৃক অনুসমর্থিত হয়েছে। বন্দরে আগত সীফ্যারাসদের বিভিন্ন কল্যাণমূলক সুবিধা প্রদানের জন্য পার্শ্ববর্তী রাষ্ট্র ভারতসহ পৃথিবীর বিভিন্ন দেশে ইন্টারন্যাশনাল সীফ্যারাস ড্রপ-ইন সেন্টার/সীফ্যারাস সেন্টার গড়ে তোলা হয়েছে। বাংলাদেশের চট্টগ্রাম বন্দরে আগত নাবিকদের বিভিন্ন কল্যাণমূলক সুবিধা প্রদানের জন্য আই.টি.এফ ট্রাষ্ট ফান্ড এর অর্থায়নে ১৩/০১/২০১১খ্রিঃ তারিখ হতে নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তরাধীন নাবিক হোস্টেল চট্টগ্রামে ইন্টারন্যাশনাল সীফ্যারাস ড্রপ-ইন সেন্টার চালু হয়েছে। বর্তমানে ইন্টারন্যাশনাল সীফ্যারাস ড্রপ-ইন সেন্টারটি লেভী তহবিলের বরাদ্দের আওতায় উক্ত সেন্টারের মাধ্যমে বন্দরে আগত সীফ্যারাসদের নিম্নোক্ত কল্যাণমূলক সুবিধাদি প্রদান করা হয়ে আসছে :

- চট্টগ্রাম শহরের বিভিন্ন শপিং মল ও ধর্মীয় প্রতিষ্ঠানালয়ে গমনের ট্রান্সপোর্ট সুবিধা প্রদান ;
- ইন্টারনেট ব্যবহার ও ইনডোর গেইমস সুবিধা প্রদান ;
- টেলিফোন ব্যবহারের সুবিধা প্রদান ;
- চিকিৎসা সুবিধা প্রদান।

ইন্টারন্যাশনাল সীফ্যারাস ড্রপ-ইন সেন্টারটি নিম্নোক্ত ব্যক্তিবর্গের সমন্বয়ে গঠিত কমিটির মাধ্যমে পরিচালিত হয়ে আসছে।

০১।	জনাব মোঃ হাবিবুর রহমান পরিচালক (উপসচিব) নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।	---	চেয়ারম্যান
০২।	জনাব এমদাদুল হক চৌধুরী ব্যবস্থাপনা পরিচালক মেসার্স হক এন্ড সঙ্গ লিঃ, চট্টগ্রাম।	---	ভাইস চেয়ারম্যান
০৩।	জনাব এস.এম শফিকুর রহমান সভাপতি বাংলাদেশ সীম্যাস এসোসিয়েশন, চট্টগ্রাম।	---	সদস্য সচিব
০৪।	জনাব মোঃ শাহনেওয়াজ খান সাধারণ সম্পাদক বাংলাদেশ সীম্যাস এসোসিয়েশন, চট্টগ্রাম।	---	এডমিনিস্ট্রেটর
০৫।	জনাব হালিমা বেগম ম্যানেজার (অপারেশন) চট্টগ্রাম বন্দর ট্রেনিং ইন্সটিটিউট, চট্টগ্রাম।	---	সদস্য
০৬।	জনাব এ.কে.এম জহিরুল ইসলাম পিএ টু পরিচালক নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।	---	কো-অর্ডিনেটর